বিপুল উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে গণসংযোগ করলেন শিক্ষক নেতা জাকির হোসেন

বিপুল উৎসাহ ও উদ্দীপনার মধ্য দিয়ে মেহেরপুর-১ আসনের মনোনয়ন প্রত্যাশী ও শিক্ষক নেতা জাকির হোসেন গণসংযোগ করেছেন।

গতকাল শনিবার মুজিবনগর উপজেলার বাগুয়ান ইউনিয়নের আনন্দবাস, জয়পুর পাড়া, মহল্লা ও বিভিন্ন হাটে জনসংযোগ ও পথসভা করেন তিনি। এ সময় এলাকাবাসীর সঙ্গে কুশল বিনিময় করেন এবং ধানের শীষ প্রতীকের পক্ষে সমর্থন কামনা করেন।

গণসংযোগ শেষে পথসভায় বক্তব্য দেন জাকির হোসেন। তিনি বলেন, একটি মহল ষড়যন্ত্র করে নির্বাচন বানচালের চেষ্টা করছে। জনগণ যেমন ফ্যাসিবাদের পতন ঘটিয়েছে, তেমনি যেকোনো ষড়যন্ত্রও নস্যাৎ করে দেবে।

তিনি আরও বলেন, মেহেরপুরের মানুষ নানা সমস্যায় জর্জরিত। কর্মসংস্থানের অভাবে তরুণরা হতাশ। বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) ক্ষমতায় এলে বেকারত্ব নিরসনে কার্যকর উদ্যোগ নেওয়া হবে।

জাকির হোসেন ঘুষ ও দুর্নীতির বিরুদ্ধেও দৃঢ় অবস্থান জানান। তিনি বলেন, মেহেরপুরের অসংখ্য মেধাবী তরুণ ঘুষ দিতে না পারায় চাকরি থেকে বঞ্চিত হচ্ছে। আগামীতে ঘুষ-দুর্নীতির বিরুদ্ধে সামাজিক আন্দোলন গড়ে তোলা হবে।

গণসংযোগ কর্মসূচিতে স্থানীয় বিএনপি, যুবদল, ছাত্রদলসহ অঙ্গসংগঠনের নেতাকর্মীরা অংশগ্রহণ করেন।

দামুড়হুদায় বিপুল পরিমান ফেন্সিডিলসহ এক মাদক ব্যবসায়ী আটক

চুয়াডাঙ্গার দামুড়হুদায় ঝিনাইদহ র্যাব-৬ মাদক বিরোধী অভিযান চালিয়ে ৮৬৯ বোতল ফেন্সিডিল সহ এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে।

শুক্রবার বেলা ১০টার সময় দামুড়হুদা উপজেলার ছোটদুধ পাতিলা গ্রামস্থ এলাকা থেকে তাকে আটক করা হয়।

ঝিনাইদহ র্যাব-৬, সূত্রে জানাগেছে, শুক্রবার র্যাব-৬, (সিপিসি-
২) ঝিনাইদহ র্যাব ক্যাম্প এর একটি আভিযানিক দল গোপন সংবাদের মাধ্যমে জানতে পারে দামুড়হুদা থানার ছোটদুধ পাতিলা গ্রামস্থ এলাকায় কতিপয় ব্যক্তি মাদকদ্রব্য ক্রয়-বিক্রয় করার উদ্দেশ্যে অবস্থান করছে।

প্রাপ্ত তথ্যের ভিত্তিতে আইনগত ব্যবস্থা গ্রহণের উদ্দেশ্যে আভিযানিক দলটি আনুমানিক বেলা ১০টার সময় ছোটদুধ পাতিলা গ্রামস্থ এলাকায় একটি বিশেষ অভিযান পরিচালনা করে এসময় আটক করা হয় চুয়াডাঙ্গা পৌরসভাধীন গুলশান পাড়ার মৃত শহিদুল ইসলাম এর ছেলে জাহিদ আহমেদ (২৪)কে।

এসময় তার কাছ থেকে উদ্ধার করা ৮৬৯ বোতল ফেন্সিডিল , ১টি মোবাইল ফোন এবং ২টি সিম কার্ড। জব্দকৃত আলামত ও গ্রেফতারকৃত আসামীকে চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা থানায় হস্তান্তর করে আসামীর বিরুদ্ধে মাদক আইনে মামলা রুজু করা হয়েছে।।